



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



## হিড ইন্টারন্যাশনাল স্কুলের ২১তম প্রতিবর্ষিকী উদযাপন



২৫ জানুয়ারি ২০২৪-বৃহস্পতিবার হিড ইন্টারন্যাশনাল স্কুলের (HEED International School) ২১তম প্রতিবর্ষিকী উদযাপন উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান এবং ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠানের পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম বলেন, “জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সাথে আশেপাশের শিক্ষা প্রতিষ্ঠানগুলোর মেলবন্ধন প্রয়োজন। আমাদের দেশের প্রেক্ষিতে শিশুদের বিকাশে বিভিন্ন সুযোগ সুবিধা অনেক সীমিত, গ্রামীণ শিশুদের তুলনায় শহরের শিশুরা বেশি সুযোগ সুবিধা পেয়ে থাকে।”

তিনি আরো বলেন, “একটি শিশু ছোটবেলা থেকেই ভালো শিক্ষাব্যবস্থার মাধ্যমে গড়ে উঠলে তার ভিতটা অনেক মজবুত হবে নতুবা তাকে যত বড় ইনস্টিটিউটেই পড়তে পাঠান না কেনো সে ভালো করবে না। অভিভাবদের প্রতি অনুরোধ কোমলমতি শিশুদের প্রতি আপনারা কঠোর হবেন না, জোর করে তাদের প্রতিযোগিতায় ঠেলে দিবেন না। এসবের কারনেই তাদের মানসিক বিকাশ বাঁধাগ্রস্থ হয়।”



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



এসময় হিড ইন্টারন্যাশনাল স্কুলের অধ্যক্ষ টলবার্ট ডোবে সহ শিক্ষক-শিক্ষার্থী এবং অভিভাবকবৃন্দ উপস্থিত ছিলেন।